দৈনিক বাংলা

তারিখ 29 JUN 1993 পৃষ্ঠা ৫ কলাম ৪

# পরীক্ষা নিয়ে কেলেঙ্কারি

দেশের শিক্ষা সম্পর্কে কখনও কখনও এমন খবর বেরোয় যে চমকে উঠতে হয়, যা আমাদের বিশ্বাসের মূল ধরে নাড়া দেয়। সম্প্রতি এমনি ঘটনা ঘটেছে পাবনায়। পাবনার সাঁথিয়া থানা পুলিশ গত বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার ৬টি অংক খাতাসহ দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে। এরা সাঁথিয়া কেন্দ্রের সাধারণ অংক পরীক্ষার খাতা দিনাজপুর জেলার ফুলবাড়ী পুকুরিয়া উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষকের কাছ থেকে এনে পরীক্ষার্থীদের দেখিয়ে বলে যে, উত্তরপত্রে নতুন করে অংক করে দেওয়া যাবে এবং ভুল অংক শোধরানো যাবে। এ জন্য তারা মোটা টাকা দাবী করে। এর পর গত শনিবারও পুলিশ এ ধরনের আরও একটি ঘটনা উদ্‌ঘাটন করেছে সাঁথিয়া কেন্দ্রের অংকের প্রধান পরীক্ষকের কাছ থেকে। তাতে দেখা গেছে, দু'টি খাতায় অন্য হাতের লেখায় অংক করে দেওয়া হয়েছে।

পরীক্ষা নিয়ে নানা ধরনের দুর্নীতি–জালিয়াতির খবর নতুন নয়। উত্তরপত্র বদলাবার অভিযোগ আগেও ছিল। কিন্তু এভাবে হাতেনাতে ধরে ফেলার ঘটনা সম্ভবত এটাই প্রথম। পরীক্ষার খাতা নিয়ে পরীক্ষার্থীর বাড়ীতে টাকার বিনিময়ে উত্তরপত্র বদলানোর এই ঘটনা আমাদের স্তম্ভিত করেছে। এর সঙ্গে জড়িত আছে যেমন এক শ্রেণীর অসৎ শিক্ষক, তেমনি অভিযোগে বলা হয়েছে, জড়িত রয়েছে বোর্ড অফিসের এক শ্রেণীর কর্মকর্তা–কর্মচারীও।

আমরা এ কথা বলতে চাই না যে, দেশের গোটা শিক্ষক সমাজই এ ধরনের দুর্নীতির সঙ্গে জড়িত। কিন্তু দু'একজন অসৎ শিক্ষক গোটা শিক্ষক সমাজের মুখে এভাবে কালিমা লেপন করে শিক্ষকদের প্রতি শ্রদ্ধার মনোভাবে ব্যত্যয় ঘটায়। আমরা চাই, এই দুর্নীতিবাজ শিক্ষকদের বিরুদ্ধে যেমন কঠোর ব্যবস্থা নেয়া দরকার, তেমনি এর সঙ্গে জড়িত কর্মকর্তা–কর্মচারীদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হোক।

এই প্রসঙ্গে আমরা শিক্ষক সমাজের নেতৃবৃন্দের কাছেও প্রশ্ন রাখতে চাই। আমরা বলতে চাই, এ অসাধু শিক্ষকদের প্রশ্নে তারাও নির্দিষ্ট করে বক্তব্য দেবেন। এসব ঘটনা সাধারণ মানুষের মধ্যে শিক্ষক সমাজের যে ভাবমূর্তি রয়েছে, মহান পেশা হিসাবে শিক্ষকদের যে স্বীকৃতি রয়েছে, তা নস্যাৎ করে।

তবে শুধু শিক্ষকদের দায়ী করলেই চলবে না—শুধু ছাত্রদের ওপর দোষারোপ করেও সমস্যার সমাধানে পৌঁছানো যাবে না। আমাদের ভাবতে হবে, বিশ্লেষণ করতে হবে, কেন পরীক্ষায় দুর্নীতি হচ্ছে। কেন নিছক একটা সার্টিফিকেটের জন্য কাড়াকাড়ি চলছে। সমাজের ভেতর গলদ আছে বলেই তা পরীক্ষার ক্ষেত্রেও প্রকাশ পাচ্ছে। কোন কিছুই কার্যকারণ ছাড়া ঘটে না। গোটা সমাজ মূল্যবোধের অবক্ষয় না ঘটলে শিক্ষাঙ্গণে যে এমন ধস নামতো না সেকথা সহজবুদ্ধিতেই বলা যায়। সুতরাং পরীক্ষায় দুর্নীতি দূর করার পাশপাশি সমাজের চিকিৎসার কথাও সকলকে মনে রাখতে হবে।